



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৪ অক্টোবর ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

নান্যাচরে দুই জনকে বিচার বহির্ভূত হত্যার নিন্দা ও প্রতিবাদ

রাঙামাটির নান্যাচরে সেনাবাহিনী কর্তৃক ইউপিডিএফের এক সদস্যসহ দুই জনকে বিচার বহির্ভূতভাবে গুলি করে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ বুধবার (১৪ অক্টোবর) ইউপিডিএফের রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে বলেন, গতকাল বিকালে নান্যাচর উপজেলার বুড়িঘাট এলাকায় ইউপিডিএফের এক সদস্যসহ দুই জনকে পরিকল্পিতভাবে কথিত 'গোলাগুলির' নাটক সাজিয়ে গুলি করে হত্যা করা হয়েছে।

যাদেরকে হত্যা করা হয়েছে তারা হলেন- ইউপিডিএফ সদস্য আশাপূর্ণ চাকমা ওরফে রকেট (২৮), পিতা- মনো রঞ্জন চাকমা, গ্রাম- আঝাছড়ি, নান্যাচর ও সাধারণ জেলে সম্মু চাকমা (৩৫), পিতা- সুসেন মনি চাকমা, গ্রাম- ধামেইছড়া, বন্দুকভাঙা।


বিবৃতিতে তিনি ঘটনা বিষয়ে আইএসপিআর ও স্থানীয় সেনাপ্রশাসনের দেয়া বক্তব্যকে মিথ্যা ও বানোয়াট আখ্যায়িত করে বলেন, 'গতকাল বিকেলের দিকে ইউপিডিএফের দুই সদস্য ইঞ্জিনচালিত নৌকায় করে পুটিখালি নিয়ে যাওয়ার জন্য সম্মু চাকমাকে অনুরোধ করেন। ইউপিডিএফ সদস্য আশাপূর্ণ চাকমা নৌকায় উঠলেও অপর সদস্য প্রাকৃতিক ডাকে সাড়া দেয়ার জন্য দেরী করে ফেলেন। এ সময় সেনাবাহিনী ও তাদের মদদপুষ্ট রাজাকাররা দুই/তিন দিক থেকে তাদের উপর অতর্কিতে গুলিবর্ষণ শুরু করে। এতে উক্ত দুইজন ঘটনাস্থলেই নিহত হন।'

এই ঘটনাকে ধামাচাপা দেয়ার জন্য বন্দুকযুদ্ধ ও অস্ত্র উদ্ধারের নাটক সাজানো হয়েছে বলে ইউপিডিএফ নেতা দাবি করেন।

ইউপিডিএফ নেতা আরো বলেন, পার্বত্য চট্টগ্রামে ভ্রাতৃঘাতি সংঘাত বন্ধের লক্ষ্যে ইউপিডিএফ যে কার্যক্রম চালিয়ে যাচ্ছে তা বানচাল করতেই আবারো বিচার বহির্ভূত হত্যাকাণ্ডের আশ্রয় নেওয়া হয়েছে।

বিবৃতিতে তিনি কথিত গোলাগুলি বা বন্দুকযুদ্ধের নামে বিচার বহির্ভূত হত্যা বন্ধ করা ও পার্বত্য চট্টগ্রামে শান্তিপূর্ণ গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টির দাবি জানান।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।